



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক সংখ্যা-মানি/বিজ্ঞপ্তি/৭৪/২/২০৬

তারিখ: ২৮-০৪-২০১৯ খ্রি.

“জরুরী বিজ্ঞপ্তি”

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেএসসি ২০১৯ সালের শিক্ষার্থীদের প্রস্তাবিত নিবন্ধনে যারা অন্তর্ভুক্ত হয়নি বা কোন ভুল থাকলে তা অন্তর্ভুক্ত বা সংশোধন করার জন্য আগামী ২০ মে ২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হলো। উক্ত সময়ের মধ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের ০৩ (তিন) জন শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যাচাইপূর্বক প্রয়োজনীয় সংশোধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। সংশোধিত নিবন্ধনের হার্ডকপি উক্ত কমিটির সদস্যগণ এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের স্বাক্ষরসহ বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে প্রয়োজন হলে সকল হার্ডকপি বোর্ড কর্তৃপক্ষ দাখিল করার জন্য নির্দেশ দিতে পারে। উক্ত তারিখের পর নিবন্ধন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তার জন্য স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ দায়ী থাকবেন এবং সেক্ষেত্রে সংশোধনের প্রয়োজন হলে তার কারণ ব্যাখ্যাসহ প্রয়োজনীয় ফিস দাখিল করে সংশোধন করতে হবে। শিক্ষকদের সমন্বয়ে গঠিত যাচাই কমিটির তালিকা স্ব-স্ব প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী

অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত বিদ্যালয়সমূহের প্রতিষ্ঠান প্রধান

০১০৩  
২৮, ০৪, ১৯

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।


ফোন নং- ০৪২১-৬৮৬৩৪

স্মারক সংখ্যা-মানি/৭৪/২/২০৬(৩৩৪৬)

তারিখ: ২৮-০৪-২০১৯ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ২। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

  
২৮.৪.১৯

(মোঃ শাহজাহান আলী)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং- ০৪২১-৬৮৬৯৮

  
২৮/৪/১৯